

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।

www.fisheries.natore.gov.bd

নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২৬৫

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯

৩১ আগস্ট ২০২২

অফিস আদেশ

মন্ত্রীপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর আলোকে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর-এর নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন করা হলোঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১	মোঃ জাহাঙ্গীর আলম, সিনিয়র সহকারী পরিচালক	আহবায়ক
২	মোছাঃ বিউটি খাতুন, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা	সদস্য
৩	মোসাঃ আয়েশা খাতুন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য সচিব

কমিটির দায়িত্ব ও কার্যপরিধিঃ

১. জেলা ও আওতাধীন উপজেলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করা;
২. পরিবীক্ষণকৃত অসম্পূর্ণতা ও অন্তরায় চিহ্নিত করে তা দূরীকরণে উদ্যোগ গ্রহণ;
৩. প্রতি ত্রৈ-মাসিকে কমপক্ষে একবার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভা করা ও সভার কার্যবিবরণী প্রস্তুত ও বিতরণ করা
৪. বিগত সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়িত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা এবং সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসের নিকট প্রেরণ
৫. ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;
৬. ত্রৈমাসিকভিত্তিতে অত্র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন এবং ওয়েবসাইটে আপলোড করা;
৭. উপজেলা পর্যায়ে সেবা অধিকতর সহজীকরণের লক্ষ্যে সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগ নম্বরসহ সকল তথ্যাদি হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ;
৮. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন ও উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা;
৯. সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন এবং
১০. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে সময় সময় অর্পিত দায়িত্ব পালন।

৩১-৮-২০২২

মো: আবুল কালাম আজাদ

জেলা মৎস্য কর্মকর্তা

ফোন: ০২৫৮৮৮৭২৫৯০

ইমেইল:

dfonatore@fisheries.gov.bd

নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২৬৫/১(১২)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯
৩১ আগস্ট ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ২) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩) সিনিয়র সহকারি পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর।
- ৪) জনাব মোসাঃ আয়েশা খাতুন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নাটোর সদর, নাটোর।
- ৫) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর।
- ৬) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সদর, নাটোর।



৩১-৮-২০২২

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা